আলমডাঙ্গা পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়রের দাফন সম্পন্ন

আলমডাঙ্গা পৌরসভার প্রাক্তন ভারপ্রাপ্ত মেয়র কাউন্সিলর হাসিবুল ইসলাম পরপারে পাড়ি জমিয়েছেন। (ইন্না লিল্লাহি রাজিউন)৩০ নভেম্বর দুপুরে মাঠ থেকে বাড়ি ফিরে তিনি খাওয়া দাওয়া করেন।

পরে দুপুরের ভাত ঘুমের ভেতর স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। বিকেল ৪টার দিকে কেউ তার সাথে দেখা করতে এলে ঘুমন্ত হাসিবুল ইসলামকে ডেকে তোলার চেষ্টা করা হয়। কিন্তু সব চেষ্টা ব্যর্থ হয়।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৫৫) বছর। আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিল গ্রামের মৃত আব্দুর রহিম বক্সের জৈষ্ঠ্য পুত্র সুদর্শন হাসিবুল ইসলাম (৫৪) ছিলেন মিষ্টভাবি সদালাপি ও এলাকার জনপ্রিয় ব্যক্তি।
তিনি পৌর বিএনপির সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

আলমডাঙ্গা পৌরসভার ৯ নং ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হয়েছিলেন। সে সময় বেশ কিছু সময় ভারপ্রাপ্ত পৌর মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি পরিচ্ছন্ন মানুষ হিসেবে পরিচিত ছিলেন।

মৃত্যুকালে তিনি মা, ভাই-বোন, স্ত্রী ও ৩ কন্যা সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।
গতকাল ১ ডিসেম্বর রবিবার সকাল ৯টায় জানাযা শেষে গেট বন্ডবিল গোরস্থানে মরহুমের লাশ দাফন করা হয়েছে।

মরহুমের আত্মার মাগফিরাত কামনায় পরিবারের পক্ষ থেকে সকলের নিকট দোয়া কামনা করা হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

গাংনী হাটবাজারের বিরুদ্ধে নানা চক্রান্তের অভিযোগ হাট মালিকের

গাংনী শহরের প্রাণ কেন্দ্রে অবস্থিত তহবাজারের হাটটি দীর্ঘদিনের। গাংনী উপজেলার কয়েক শত হাটের মধ্যে সব থেকে বড় ও জনবহল এ হাট।

কিন্তু সাম্প্রতিক সময়ে দেখা যাচ্ছে এ হাটকে কেন্দ্র করে রাজনীতি করছে আবার কেউ ষড়যন্ত করছে। হাটের বিরুদ্ধে রীতিমত চক্রান্তে নেমেছে বলে অভিযোগ করেছে বর্তমান হাটের ইজারাদার।

বিগত দিনের হাট পরিচালনার আলোকে হাট পরিচালনা করা হচ্ছে। এর বাইরে শুধু কিছু উন্নয়ন করা হয়েছে এ হাটের। কিছু নিয়ম পরিবর্তন করে পাল্টিয়ে দেওয়া হয়েছে হাটের পরিবেশ। আগের মত গন্ধ নেই, ময়লা আবর্জনাও নেই হাটের মধ্যে। ময়লা পরলে লোকজন গুছিয়ে নেয় তাৎক্ষনিক।

পাশপাশি পানি দিয়ে সমস্ত কিছু ভালো করে পরিস্কারের ব্যবস্থা করা হয়েছে। ছাড় দেওয়া হচ্ছে গরিব অসহায় ক্ষুদ্র ব্যবসায়ীদের খাজনা।

কিন্তু তারপরেও একটি নানা চক্রান্ত করছে এ হাটের বিরুদ্ধে। দেরশত বছর আগের হাটের জমির মালিকানা নিয়ে কেউ দাবি করছে আবার হাটের নির্মাণ করা টিনের সেড এরও দাবি করছে কেউ কেউ। কেউ বলছে আমার জমির পজিশনের সামনে আবার হাট কি এটাতো আমার নিজের জমি।

এমনই প্রতিদিনই নতুন নতুন অভিযোগ করছে।
হাটের নির্মাণাধীন সেডের দাবি শেষ, এবার এলো হাটের জমির মালিকানা, জমির পরে গেল নিজের জমির পজিশনের দাবি, সেই দাবিও যখন শেষ হচ্ছে ঠিক সেই সময়ে আসলো অতিরিক্ত খাজনায় আদায়ের অভিযোগ।

তাও আবার খাজনার কারণে নাকি বাজারের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। এসব ষড়যন্তের একটিই উদ্দ্যোশ্যে সেটা হল গাংনী পৌর শহরের একমাত্র ঐতিহ্যবাহী হাটটি যেন অন্যত্র সরিয়ে নেওয়া হয়। আর এরসাথে জমিখেকোদের জমিটি দখল করতে সুবিধা হবে।

অথচ এই হাটের মাধ্যমে পৌরসভার বিপুল পরিমাণ আয় আসে। যা দিয়ে

পৌরসভার উন্নয়নসহ নানামুখি নাগরিক সুবিধা প্রদান করা হয়।

গাংনীতে সবজি বিক্রেতা আব্দুর রহমান জানান, দীর্ঘদিন ধরে একই রকম খাজনা দিয়ে আসছি। নতুন করে খাজনা বারিয়েছে এমন নয়। তুলনা মূলক খাজনা কম। শীতের শুরুতে সব ধরনের সবজি সহ নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বৃদ্ধি পায়। এই সবজির দামের সাথে খাজনার কোন সম্পর্ক নেই।

কসাইখানার নেতা হযরত আলী জানান, কসাইখানার পরিবেশ পাল্টিয়ে দিয়েছে নতুন ইজারাদার। এখন আর কসাইখানায় রাতেই বেলায় কুকুর আসে না। গন্ধও নেই কসাইখানায় ফলে আগের তুলনায় এখন বেচাবিক্রি বেরেছে আমাদের। ইজারাদারের কারনে মাংসের দাম বেশি নেওয়া এটা ঠিক নয়। এখন মাংস বিক্রি হয় পৌরসভার নির্ধারিত মূল্যে।

বাজার ইজারাদার হাফিজুর রহমানের বলেন, আমাদের যে ইজারাদার ছিলো তাদের দেখানো পথে আমরা চলছি। আমরা শুধু হাটে বসার পরিবেশটা ভালো করেছি। সরকারী নিয়ম অনুযায়ী হাটের খাজনা আদায় করা হচ্ছে। দীর্ঘদিন সরকারী নিয়ম যেভাবে চালু আছে এখনও সেভাবে চালু আছে। গাংনীতে পৌরসভার এ হাটে সবধরনের নিয়ম মেনে পরিচালনা করা হচ্ছে। কারো কোন অভিযোগ থাকলে আমাদের জানালে আমরা তাৎক্ষনিক ব্যবস্থা নেব।

গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম বলেন, গাংনী পৌরসভার তহবাজার নিয়ে নানা ষড়যন্ত্র বিভিন্ন সময়ে হয়ে আসছে। এটাও একটা ষড়যন্ত্র। আমরা সব ষড়যন্ত্র মোকাবেলা করতে পেরেছি এটাও করব। কারো অভিযোগ থাকলে আমার নিকট করবে, আমি বিষয় গুলো দেখে পদক্ষেপ নেব। গাংনী উপজেলার সকল হাট যে নিয়মে চলে গাংনী পৌর এলাকার হাট গুলোয় তার ব্যতিক্রম নিয়মে চলবে না।

- নিজস্ব প্রতিনিধি

হোগলবাড়িয়া হাজী ভরসউদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পুরনের নামে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

মেহেরপুর গাংনী উপজেলার হোগলবাড়িয়া হাজী ভরসউদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। স্কুলের পরীক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন কারণ দেখিয়ে অতিরিক্ত টাকা হাতিয়ে নিচ্ছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

হোগলবাড়িয়া হাজী ভরস উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় ফি আদায়ের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের কোনও নিয়ম নীতির তোয়াক্কা করছে না। অতিরিক্ত ফি আদায় নিয়ে শিক্ষার্থী ও অভিভাবক মহলে চাপা ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, এসএসসির ফরম পূরণে বিজ্ঞান বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৯৭০ টাকা এবং মানবিক বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৮৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। বোর্ড নির্ধারিত ফি’র চাইতে অতিরিক্ত ফি দিতে হিমশিম খাচ্ছেন অনেক অভিভাবক।

আবার অনেকেই তাদের ছেলে-মেয়ের ভবিষ্যত শিক্ষা জীবনের কথা চিন্তা করে ধার-দেনা করে টাকা দিতে বাধ্য হচ্ছেন। এতে অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ ও হতাশা লক্ষ্য করা গেছে।

একাধিক অভিভাবক অভিযোগ করে বলেন, শিক্ষকরা টাকা ছাড়া কিছুই বোঝেন না। শিক্ষকরা শিক্ষাকে ব্যবসা হিসেবে নিয়েছে।

প্রধান শিক্ষক মো: মহিদুজ্জান জানান, আমরা বোর্ড কর্তৃক নির্ধারিত ফি বাইরে একটি টাকাও নিচ্ছিনা। তবে তিনি বলেন আমরা শিক্ষার্থীদেও কাছ থেকে ২০২০ সালের মার্চ পর্যন্ত বেতন নিয়েছি। অন্য বছরের বেতন নিতে পারেন কি না জানতে চাইলে কোন মন্তব্য করেননি।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বলেন,

হাজী ভরসউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত ফিস নেওয়ার নিয়ম আছে।

অতিরিক্ত মাসের মাসিক বেতন নেওয়ার নিয়ম সংক্রান্ত কাগজপত্র দেখতে চাইলে, তিনি বলেন বোর্ড থেকে আমরা কোন নোটিশ পাইনা।

সাংবাদিকরা বোর্ড কর্তৃক অতিরিক্ত মাসের বেতন ও এসএসসির ফিস বেশি নেওয়ার নিয়ম নেই এ সংক্রান্ত কাগজ শিক্ষা অফিসারকে দেখালে তখন তিনি বলেন বিষয়টি আমার জানা নেই।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলার রহমান জানান, বোর্ড কর্তৃক নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত টাকা নিলে ব্যবস্থা নেয়া হবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় বিশ্ব এইডস দিবস পালিত

“এইডস নির্মূলে প্রয়োজন জনগনের অংশগ্রহন” এই প্রতিপাদ্যে বিশ্ব এইডস দিবস উপলক্ষে মেহেরপুরে র্যালি করেছে জেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ। গতকাল রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে পৌর ঈদ গাঁ থেকে র্যালিটি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সিভিল সার্জন কার্যলয়ের সামনে গিয়ে শেষ হয়।

র্যালিতে নেতৃত্ব দেন সিভিল সার্জন শামীম আরা নাজনীন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার এহসানুল কবিরসহ বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারিরা র্যালিতে অংশ নেয়।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, “এইডস নির্মূলে প্রয়োজন, জনগণের অংশগ্রহণ” এই প্রতিপাদ্য ধারণ করে চুয়াডাঙ্গায় বিশ্ব এইডস দিবস-২০১৯ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার সকালে স্বাস্থ্য

বিভাগের আয়োজনে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসানের সভাপতিত্বে সদর হাসপাতাল কনফারেন্স রুমে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে পুলিশ সুপার জাহিদুল ইসলাম ও পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক দীপক কুমার সাহা বক্তব্য রাখেন। এসময় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, ডাক্তার ও নার্সরা উপস্থিত ছিলেন।

- প্রতিদিন ডেক্স

গাংনীতে নকলমুক্ত পরিবেশে পরীক্ষার লক্ষে মতবিনিময় সভা

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও হোগলবাড়ীয়া-মহাম্মদপুর হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দেওয়ার জন্য মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

প্রধান শিক্ষক হাসান আল নূরানী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইউ আর সি ইন্সট্রাকটর রবিউল ইসলাম।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুরশিদা খাতুন রিনা, সহকারী শিক্ষক জহুরুল ইসলামের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মতিউর রহমান, বিটিডি মাধ্যমিক

বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইফাজুল হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রধান শিক্ষক আনিচুর রহমানসহ আসন্ন এসএসসি পরীক্ষার্থীরা।

দ্বিতীয়ার্ধে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় হোগলবাড়ীয়া-মহাম্মদপুর ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে। প্রধান শিক্ষক মহিদুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার। এ সময় আরো উপস্থিত ছিলেন, এমএইচএ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রফিকুল ইসলাম, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক নজরুল ইসলাম, মটমুড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক বাকের আলীসহ আসন্ন এসএসসি পরীক্ষার্থীরা। প্রধান অতিথির বক্তব্যে পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরা ব্যবহারের বিষয়টি অধিক গুরুত্ব পেয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধা যাচাই বাছায় কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমিটির যাচাই বাছায় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার বিকেলে উপজেলা প্রশাসন আয়োজিত পরিষদের সভা কক্ষে অনুষ্ঠানে সঞ্চালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

সাবেক এমপি ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেন এর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এ সময় মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, সাংবাদিক আমিরুল ইসলাম, রমজান

আলি, ফারুক আহম্মেদ, এ সিদ্দিকী শাহীন, তোফায়েল আহম্মেদ বক্তব্য রাখেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর ও আলমডাঙ্গায় আমন মৌসুমের ধান সংগ্রহ অভিযানের উদ্বোধন

মেহেরপুরে অভ্যন্তরীণ আমন ধান সংগ্রহ ২০১৯-২০২০ মৌসুমে ইউনিয়ন ভিত্তিক কৃষক নির্বাচন উপলক্ষে উন্মুক্ত লটারির মাধ্যমে কৃষক নির্ধারণ করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে মেহেরপুর পৌরসভা সহ সকল ইউনিয়নের কৃষকদের জন্য লটারি অনুষ্ঠিত হয়।

সরকারি ধান করার ক্ষেত্রে শতভাগ স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনির নির্দেশে সরাসরি কৃষকের কাছ থেকে ধান ক্রয়ের লক্ষ্যে লটারির আয়োজন করা হয়। লটারির মাধ্যমে কৃষক নির্ধারণের পাশাপাশি লটারি অনুষ্ঠানটি সরাসরি স¤প্রচার করা হয়।

মেহেরপুর নিউজ সরাসরি অনুষ্ঠান স¤প্রচার করে। এর আগে সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম লটারি অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম জেলা খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ,উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন সুলতানা, ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা, ইউপি চেয়ারম্যান আবদুস সামাদ বাবলু বিশ্বাস, বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, আনারুল ইসলাম, শাহজামাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় উন্মুক্ত লটারীর মাধ্যমে

নির্বাচিত কৃষকদের নিকট হতে আমন ধান-২০১৯-২০ সংগ্রহ অভিযানের উদ্বোধন করা হয়েছে।

রোববার বেলা ১০টার দিকে ধান ক্রয় অভিযানের শুভ উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

এ সময় উপস্থিত ছিলেন কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, ওসিএলএসডি মিয়ারাজ হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোফাখারুল ইসলাম, ইন্সপেক্টর রাকিবুল ইসলাম, মিল চাতাল মালিক সমিতির সভাপতি সম্পাদক আশরাফুল হক প্রমুখ।

ধান সংগ্রহ অভিযানে উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী বলেন, প্রান্তিক কৃষক যাদের বাছাই করা হয়েছে তারা যেনো ধান দিতে কোন প্রকার হয়রানির শিকার না হন।

উল্লেখ্য ইতিপূর্বে লটারীর মাধ্যমে ৩ হাজার ২শ’ ৭৫জন কৃষককে ধান সরবরাহের জন্য নির্বাচন করা হয়। প্রতি কৃষক ৬শ’ কেজি ধান বিক্রি করতে পারবেন। সরকারী মূল্য প্রতি কেজি ২৬ টাকা নির্ধারণ করা হয়েছে।

- প্রতিদিন ডেস্ক

মেহেরপুরে মেয়াদ উত্তীর্ণ বিস্কুট পাউরুটি বিনষ্ট

মেহেরপুর পৌরসভা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে মেহেরপুর জেনারেল হাসপাতাল মোড়ে বিভিন্ন খাবারের দোকানে অভিযান চালিয়ে মেয়াদ উত্তীর্ণ বিস্কুট পাউরুটি উদ্ধার করে সেগুলো বিনষ্ট করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরের দিকে অভিযান চালানো হয়।

মেহেরপুর সদর উপজেলা স্যানিটারি কর্মকর্তা তারিকুল ইসলাম ও পৌরসভা স্যানিটারী ইন্সপেক্টর মনিরুল ইসলামের নেতৃত্বে এ অভিযান চালানো হয়।

এসবে হাসপাতালের সামনে প্রায় ৬ টি দোকানে অভিযান চালিয়ে এ সমস্ত বিস্কুট পাউরুটি উদ্ধার করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে কাম ফর হিউম্যানিটি বিশেষ প্রতিনিধি দলের মতবিনিময়

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম এর সাথে মতবিনিময় করেন কাম ফর হিউম্যানিটি বিশেষ প্রতিনিধি দল।

এসময় উপস্থিত ছিলেন সিএফএইচের কেন্দ্রীয় কমিটির দপ্তর সম্পাদক তানভীর আহমেদ সাজু, তথ্য ও গবেষণা সম্পাদক আব্দুল হালিম এছাড়াও ছিলেন মো; বিপুল আহমেদ, হাসানুজ্জামান কাবরান প্রমুখ।

সিএফএইচ শীত উৎসব ২০২০ সিজন-২, শিশু কিশোর আইটি স্কুল স্থাপন এবং সংগঠনের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করেন এবং ইউএনও মহোদয় সর্বদা সিএফএইচের সাথে থেকে সার্বিকভাবে সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর বিআরটিএ অফিসের দালাল সুমনের ১ মাসের জেল

মেহেরপুর বিআরটিএ- তে মোটরসাইকেলের লাইসেন্সের জন্য ঘুষ গ্রহণের সময় সুমন নামের এক দালালকে হাতেনাতে আটক করে এক মাসের জেল দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। আটক সুমন মেহেরপুর সদর উপজেলার যাদবপুর

গ্রামের হানিফের ছেলে।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর বিআরটিএ কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে সুমন নামের এক যুবককে এক মাসের জেল দেয় ভ্রাম্যমাণ আদালতের বিচারক সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম আরাফাত হোসেন।

জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার কালাচাঁদপুর গ্রামের দাউদ আলিফ ছেলে ইউসুফ আলী মোটর সাইকেলের কাগজপত্র করার জন্য কয়েকদিন ধরে বিআরটিএ- তে ঘোরাঘুরির একপর্যায়ে কাগজপত্র ঠিক করতে না পেরে নিরাশ হচ্ছিল।

তখন দালাল সুমন তাকে বলে দুই হাজার টাকা দিলে কাজ করে দেব। বিষয়টি ইফসুফ জেলা প্রশাসক মো: আতাউল গনিকে অবহিত করেন। পরে ওই টাকার নমুনা রেখে ইউসুফ সুমনকে ২ হাজার টাকা প্রদান করেন।

এর পরপরই সহকারি কমিশনার এম এম আরাফাত হোসেন ঘুষ গ্রহণকারী সুমনকে হাতেনাতে আটক করেন ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দন্ডবিধির ১৮৬০ এর ৭১(৬) ধারায় এক মাস কারাদন্ড দেন।

- নিজস্ব প্রতিনিধি